গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
আইসিটি শাখা
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

তারিখ: ২০ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ০৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১২.০২.০০০০.০০০.০১৭.১৬.০০০২.২৪.৭৮

**বিষয়: কৃষি বিপণন অধিদপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত আগষ্ট/২০২৫ মাসের অগ্রগতির প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি বিপণন অধিদপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত আগষ্ট/২০২৫ মাসের অগ্রগতির প্রতিবেদন প্রমাণকসহ এতদ্‌সংগে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

০৪-০৯-২০২৫
নাসির-উদ-দৌলা
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

সচিব
সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।

**দৃষ্টি আকর্ষণ:**
উপসচিব (রুটিন দায়িত্ব), প্রশাসন-১ শাখা, কৃষি মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ১২.০২.০০০০.০০০.০১৭.১৬.০০০২.২৪.৭৮/১ (৩)

তারিখ: ২০ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ০৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়।
২। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়।
৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়।

০৪-০৯-২০২৫
নাসির-উদ-দৌলা
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

অভিযোগ প্রতিকার ব্যবস্থা

কৃষি বিপণন অধিদপ্তর
অভিযোগ প্রতিকার-সংক্রান্ত মাসিক প্রতিবেদন
আগস্ট, ২০২৫

অভিযোগ প্রতিকারের সারসংক্ষেপ

| বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | | পূর্ববর্তী মাসের জের | সময় বর্ধিত | মোট অভিযোগ | অন্য দপ্তরে প্রেরিত | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ | চলমান অভিযোগ | | অভিযোগ নিষ্পত্তির হার (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ওয়েবসাইটের মাধ্যমে | প্রচলিত পদ্ধতিতে | স্বপ্রণোদিতভাবে গৃহীত | | | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| (ক) | (খ) | (গ) | (ঘ) | (ঙ) | (চ) | (ছ) | (জ) | (ঝ) | (ঞ) | |
| ২ | ০ | ০ | ০ | ০ | ২ | ১ | ১ | ০ | ০ | ১০০ |

আপিল নিষ্পত্তির সারসংক্ষেপ

| বিবেচ্য মাসে প্রাপ্ত আপিলের সংখ্যা | পূর্ববর্তী মাসের জের | মোট আপিল | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত আপিলের সংখ্যা | চলমান আপিলের সংখ্যা | | আপিল নিষ্পত্তির হার (%) |
|---|---|---|---|---|---|---|
| | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| (ক) | (খ) | (গ) | (ঘ) | (ঙ) | (চ) | (ছ) |
| ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |

৩/৯/২০২৫

ড. মোঃ রফিকুল ইসলাম
উপপরিচালক (কৃষি ব্যবসা উন্নয়ন)
কৃষি বিপণন অধিদপ্তর

## আওতাধীন দপ্তরসমূহের তালিকা

| ক্রমিক | আওতাধীন দপ্তরের নাম | মোট অভিযোগ | অভিযোগ নিষ্পত্তির হার | সময় অতিক্রান্ত অভিযোগ |
|---|---|---|---|---|
| ১ | উপ-পরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা (dashboard.do?params=xAjMw4CN3UTMzITM1gTMNDIzNQ==) | ০ | - | ০ |
| ২ | উপ-পরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল (dashboard.do?params=5cTO4EjL4YjNzEDO1YTMNDIzNw==) | ০ | | ১ |
| ৩ | উপ-পরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম (dashboard.do?params=0UTNx4SM3MTN4IjM5IjNNDIzOA==) | ০ | - | ০ |
| ৪ | উপ-পরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা (dashboard.do?params=1kjN04SO4MTN1ETMykTONDIzOQ==) | ০ | - | ০ |
| ৫ | উপপরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী (dashboard.do?params=xczN04COzOTN4ATN5czNNDI0MQ==) | ০ | - | ০ |
| ৬ | উপপরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর (dashboard.do?params=yEzNw4SOyIzNyMDO3kzNNDI0Mg==) | ০ | - | ০ |
| ৭ | উপ-পরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট (dashboard.do?params=2gDMx4iNyQzM4kDO3EDNNDI0Mw==) | ০ | - | ০ |

০৯/০৭/2025

ড. মোঃ রফিকুল ইসলাম
উপপরিচালক (কৃষি ব্যবসা উন্নয়ন)
কৃষি বিপণন অধিদপ্তর

বরাবর
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
কৃষি বিপণন অধিদপ্তর

অভিযোগের তারিখ: ০৩-০৮-২০২৫
ট্র্যাকিং নম্বর: ১৭৭৯৭০৫০৮২০০০১
কেস নম্বর: ২০২৫২৩৪৬০০০৩৬
অবস্থা: নিষ্পত্তি
**বিষয়: রংপুরের আলু চাষিদের আর্থিক সংকট: সরকারের কাছে আবেদন**

মহোদয়,

শ্রদ্ধেয় কর্তৃপক্ষ,

আমরা রংপুর জেলার ক্ষুদ্র আলু চাষি। নতুন উদ্যোক্তা হিসেবে আমরা প্রায় ২৭ শতাংশ জমি ৩ মাসের জন্য ইজারা নিয়ে আলু চাষ করেছি। এই বছর আলুর উৎপাদন খরচ প্রতি কেজি প্রায় ১৭ টাকা পড়েছে। লাভের আশায় আমরা উৎপাদিত আলু হিমাগারে সংরক্ষণ করি। হিমাগারের ভাড়া এবং অন্যান্য খরচ যোগ করে প্রতি কেজি আলুর দাম পড়েছে ২২-২৩ টাকা।

কিন্তু বর্তমানে বাজারে প্রতি কেজি আলু ১১-১২ টাকা দরে বিক্রি হচ্ছে। এতে আমাদের উৎপাদন খরচও উঠছে না। ফলে আমরা মারাত্মক লোকসানের মুখে পড়েছি, যা আমাদের মতো নতুন উদ্যোক্তাদের জন্য খুবই হতাশাজনক। এই আর্থিক ক্ষতির কারণে আমরা ভবিষ্যৎ নিয়ে শঙ্কিত।

তাই সরকারের কাছে আমাদের বিনীত আবেদন, কৃষকদের লোকসান থেকে বাঁচাতে আলু কেনার একটি নির্দিষ্ট ন্যূনতম মূল্য নির্ধারণ করা হোক। অথবা সরকার সরাসরি আমাদের কাছ থেকে একটি ন্যায্য মূল্যে আলু ক্রয় করার ব্যবস্থা করুক।

আমরা আশা করি, সরকার আমাদের এই কঠিন পরিস্থিতিতে সহায়তা করবে এবং আমাদের মতো ক্ষুদ্র চাষিদের বাঁচানোর জন্য দ্রুত পদক্ষেপ নেবে।

বিনীত,

রংপুর জেলার আলু চাষি।

আপনার বিশ্বস্ত

Md. Abu Jahed

মোবাইল নম্বর: ০১৭৭৯৭০৫০৮২

## (৫) পদক্ষেপ: অভিযোগ নিষ্পত্তি

---

ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা, কৃষি বিপণন অধিদপ্তর অভিযোগটি নিষ্পত্তি করেছেন।

তারিখ: বৃহস্পতি, ১৪ অগাস্ট ২০২৫ : ০৪:৩০ অপরাহ্ন

### বিস্তারিত

"আলুর মূল্য পুনর্নির্ধারণ ও রপ্তানির ব্যবস্থাকরণ বিষয়ক প্রতিবেদন" ইতোমধ্যে সচিব, কৃষি মন্ত্রণালয়কে গত ৩০/০৭/২০২৫ তারিখে ১২.০২.০০০০.০৩২.১৬.০০১.২৫-৫০ সংখ্যক স্মারকে যেহেতু জানানো হয়েছে। সেহেতু সরকার এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

## (৪) পদক্ষেপ: মতামত প্রাপ্তি

---

সুলতানান নাসিরা, সহকারী পরিচালক , বাজার সংযোগ শাখা-১, কৃষি বিপণন অধিদপ্তর মতামত প্রদান করেছেন যা ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা, কৃষি বিপণন অধিদপ্তর-এর নিকট প্রেরণ করা হয়েছে।

তারিখ: বৃহস্পতি, ১৪ অগাস্ট ২০২৫ : ০৪:১৯ অপরাহ্ন

### বিস্তারিত

আপনার মতন আরো কয়েকজন আলু চাষীদের অভিযোগের পরিপ্রেক্ষিতে "আলুর মূল্য পুনর্নির্ধারণ ও রপ্তানির ব্যবস্থাকরণ বিষয়ক প্রতিবেদন" ইতোমধ্যে সচিব, কৃষি মন্ত্রণালয়কে গত ৩০/০৭/২০২৫ তারিখে ১২.০২.০০০০.০৩২.১৬.০০১.২৫-৫০ সংখ্যক স্মারকে জানানো হয়েছে।

(৩) পদক্ষেপ: মতামতের জন্য প্রেরণ করা হয়েছে

---

ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা, কৃষি বিপণন অধিদপ্তর অভিযোগটি মতামতের জন্য প্রেরণ করেছেন।

প্রধান প্রাপক:সুলতানান নাসিরা, সহকারী পরিচালক , বাজার সংযোগ শাখা-১, কৃষি বিপণন অধিদপ্তর

তারিখ: বৃহস্পতি, ১৪ অগাস্ট ২০২৫ : ০৪:১৫ অপরাহ্ন

বিস্তারিত

আপনার দায়িত্বাধীন **অন্যান্য** সংক্রান্ত একটি অভিযোগ পাওয়া গিয়েছে। অভিযোগের বিস্তারিত সংযুক্ত করা হলো। আগামী ১৪/০৮/২০২৫ এর মধ্যে এ বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

i. অভিযোগে উল্লিখিত সেবাটি ইতোমধ্যে প্রদান করা হয়ে থাকলে বিস্তারিত তথ্য প্রদান করতে হবে;
ii. সেবা প্রদান না করা হয়ে থাকলে তা প্রদান করে বিস্তারিত তথ্যসহ অবহিত করতে হবে;
iii. সেবা প্রদানের জন্য অধিকতর সময় প্রয়োজন হলে যথোপযুক্ত কারণ জানাতে হবে;
iv. অধিনস্ত কোনো কর্মকর্তা/কর্মচারির দায়িত্বে অবহেলার কারণে নির্ধারিত সময়ে বা পদ্ধতিতে সেবা প্রদান করা সম্ভব না হয়ে থাকলে বিস্তারিত উল্লেখ করতে হবে;
v. আবেদনের অসম্পূর্ণতা অথবা অন্য কোনো কারণে সেবা প্রদান করা সম্ভব না হলে যথোপযুক্ত কারণ অবহিত করতে হবে।

(২) পদক্ষেপ: অভিযোগ অন্য দপ্তরে প্রেরিত

---

মোহাম্মদ এনামুল হক , যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, কৃষি মন্ত্রণালয় কর্তৃক অভিযোগটি ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা, কৃষি বিপণন অধিদপ্তর -এর দপ্তরে প্রেরিত হয়েছে।

তারিখ: সোমবার, ০৪ অগাস্ট ২০২৫ : ০৪:২১ অপরাহ্ন

বিস্তারিত

আবেদনের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(১) পদক্ষেপ: নতুন অভিযোগ প্রাপ্তি

---

অভিযোগকারী কর্তৃক মোহাম্মদ এনামুল হক , যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, কৃষি মন্ত্রণালয় এর নিকট প্রেরিত।

তারিখ: রবিবার, ০৩ অগাস্ট ২০২৫ : ০৯:৩৬ অপরাহ্ন

বিস্তারিত

অভিযোগকারী একটি নতুন অভিযোগ জমা দিয়েছেন